31ST NATIONAL RALLY 2011

15 February BANGLADESH ANSAR & VILLAGE DEFENCE PARTY Special Supplement

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর 'জাতীয় সমাবেশ-২০১১' উপলক্ষে আমি এ বাহিনীর সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

আনসার ও ভিডিপি সদস্যগণ দেশের আইন-শৃঙ্খলা রক্ষায় সহযোগী ভূমিকা পালন করছে। সামাজিক সচেতনতা ও কর্মসংস্থান সৃষ্টি, পরিকল্পিত পরিবার গঠন, পরিবেশের ভারসাম্য রক্ষাসহ সামাজিক উন্নয়ন কর্মকান্ডে এই বাহিনীর সদস্যদের অবদান প্রশংসনীয়। জাতীয় ও স্থানীয় নির্বাচনে আইন-শৃঙ্খলা রক্ষায় অপরাপর সংস্থার সাথে আনসার-ভিডিপি'র কর্মতৎপরতা প্রশংসিত হয়েছে। এই বাহিনীর প্রতিটি সদস্যকে জনকল্যাণে অধিকতর অবদান রাখার আহ্বান জানাই।

আমি এই বাহিনীর অব্যাহত উৎকর্ষ কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ জিল্লুর রহমান

মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

দেশের সর্ববৃহৎ গণভিত্তিক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩১তম জাতীয় সমাবেশের প্রাক্কালে আমি এ বাহিনীর সকল সদস্যকে জানাই আন্তরিক অভিনন্দন।

গ্রামীণ সমাজের প্রায় ষাট লক্ষাধিক সদস্যের বিশাল বাহিনী সেবার আদর্শে অনুপ্রাণিত হয়ে দায়িত্ব পালন করে থাকে। মহান স্বাধীনতা যুদ্ধে এ বাহিনীর যেমন ছিল গৌরবোজ্জ্বল ভূমিকা, তেমনি দেশ গঠনে এ বাহিনীর সাফল্য প্রশংসনীয়। পার্বত্য চট্টগ্রামে সেনাবাহিনীর সাথে এবং সমতল এলাকায় এককভাবে পুলিশ ও র‍্যাবের সাথে এ বাহিনী দায়িত্ব পালনে তাদের সাহসিকতা ও কর্মনিষ্ঠার প্রমাণ সুবিদিত। মানবসম্পদ উন্নয়ন, আর্থ-সামাজিক উন্নয়ন, শিক্ষার প্রসার, জনস্বাস্থ্য, নারী কল্যাণ, নারী শিশু পাচাররোধ এবং সামাজিক শান্তি ও সম্প্রীতি রক্ষায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যের ভূমিকা প্রশংসার দাবী রাখে।

আমার বিশ্বাস দিন বদলের এ মাহেন্দ্রক্ষণে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রতিটি সদস্য দেশ প্রেমের গভীর আদর্শে উজ্জীবিত হয়ে শান্তিপূর্ণ ও সমৃদ্ধ সোনার বাংলা গড়ে তুলতে নিরলস পরিশ্রম করে যাবেন।

আমি এ বাহিনীর সার্বিক সাফল্য এবং উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করি।
জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

এ্যাডভোকেট সাহারা খাতুন

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

আনসার-ভিডিপি দিবস ২০১১ ও ৩১তম জাতীয় সমাবেশ উপলক্ষে এ বাহিনীর সকল সদস্যদের আমি আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। এই শুভ দিনে আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি এ বাহিনীর সেই সব বীর সদস্যদের যারা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ডাকে সাড়া দিয়ে দেশের জন্য জীবন উৎসর্গ করে শহীদ হয়েছেন।

তৃণমূল পর্যন্ত বিস্তৃত আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ দেশের জাতীয় কর্মসূচিসমূহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। আনসার-ভিডিপি সদস্যগণ প্রাকৃতিক দুর্যোগে যেমন বন্যা, ঘূর্ণিঝড়ে মানুষের পাশে থেকে সহযোগিতা, বন্যা পরবর্তী উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণসহ বিভিন্ন ধরণের আত্মকর্মসংস্থান, গণশিক্ষা, পরিবার-পরিকল্পনা, জনস্বাস্থ্য, পরিবেশরক্ষা ও বৃক্ষরোপণ এবং সামাজিক শান্তি রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। প্রায় ত্রিশ হাজার অংগীভূত আনসার শিল্প কারখানা ও মানুষের জানমাল রক্ষায় নিষ্ঠা ও সাহসিকতার সাথে নিরাপত্তা দায়িত্ব পালন করে সবার আস্থা অর্জন করেছে। ষাট লক্ষাধিক সদস্যের বিভিন্নমুখী ভূমিকা সত্যি প্রশংসনীয়।

সুখী সমৃদ্ধ ও স্বনির্ভর দেশ গড়তে সরকারের যাবতীয় কর্মসূচিতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ আরো গতিশীল ও কার্যকর ভূমিকায় অবতীর্ণ হবেন-এ আমার প্রত্যাশা।
আনসার-ভিডিপি দিবস ২০১১ ও ৩১তম জাতীয় সমাবেশ সফল হোক।

আবদুস সোবহান সিকদার

NIRAPAD JANAPAD: CRYING NEED OF THE TIME

AKM Mizanur Rahman
DDG (Operations)

INTRODUCTION : Peace is the mother of Development. Bangladesh emerged in history through a long struggle for Democracy and Development. The spirit of Democracy that the "government of the people, by the people and for the people", leads to peace and development is the lesson from history. Democracy, peace and development are mutually reinforcing. They form an interactive triangle. Democracy is the route to fair distribution of economic progress and wealth. In absence of sustainable development the social disparities become visible that may cause unrest. In absence of peace developmental gains are quickly taken away.

Past three decades in the history of Bangladesh marked a turning point for the country towards a better quality of life for a fast growing population. Investment, both local and foreign, is on the rise. But the real challenge still remains with the maintenance of a favourable (peaceful) environment for investment.

CHALLENGES FOR PEACE : The Constitution of the People's Republic of Bangladesh enshrines 'protection of law' as an inalienable right of every citizen. Article 21 of the Constitution says: "It is the duty of every citizen to observe the constitution and the laws, to maintain discipline, to perform public duties and to protect public property." Rights related to Human Security are also enshrined in Article 32, 33, 35 & 42 of the Constitution. But yet we achieved limited success in attaining a peaceful "Nirapad Janapad" that can ensure a favourable environment for investment in both urban and rural areas of the country. With about 40% of her population under the age of 15, Bangladesh now faces the following challenge towards the attainment of social peace:

- People's friendly law enforcing mechanism;
- Trust building in policing;
- Up-keeping human rights;
- Education, health and employment of young population;
- Reintegration of the vulnourable youth and the crime victims into the mainstream of economically active population.

As a vast community-based organization Bangladesh Ansar and Village Defence Party (VDP) has a great potential to overcome these challenges through effective and organized participation of the people.

BANGLADESH ANSAR & VILLAGE DEFENCE PARTY : Bangladesh Ansar & Village Defence Party is a very unique organization with equal opportunity for both ***men and women***. We are the torchbearers of Peace, Discipline, Development & Security in every nook and cranny of our motherland. Ours is the only organization, which has representative in each and every village. The Force has ***high level of community interaction and is fully respectful to human rights.***
Statute has enabled this force as one of the law enforcing agencies working under the Ministry of Home Affairs. Ansar officers are members of Law and Order Committees at Upazilla[Sub-District], District, Division and national levels. Battalion Ansar is a disciplined force as defined in Article: 152 of the constitution of the People's Republic of Bangladesh. Ansar - VDP members are maintaining law and order with Police and ensuring public security all over Bangladesh. The organization consists of three basic components:
a. The Ansar Bahini (Commonly known as Sadharon Ansar).
b. The Battalion Ansar.
c. The Village Defence Party (VDP).
Ansar-VDP played a vital role in peace building during the reconstruction phase of newly born Bangladesh after the War of Liberation in 1971. The force played commendable role in areas like population control and family planning, maintaining public security during natural disasters and religious festivals, managing elections, improving literacy and hygienic sanitation, mobilization for immunization program, plantation, micro credit, self employment and awareness building for reproductive health and gender issues, and women empowerment. Besides, ***the members of this force always volunteer to ensure public security in their respective communities.***

ORGANIZATION AND MANDATE OF ANSAR-VDP : a. ***Ansar Bahini*** was raised on ***12 February 1948,*** with Mr. James Buchanon (a British) as Director General, to help improve the law and order situation at that time. From 1948 to 1972, Ansar was under the control of ***National Service Board (NSB)*** chaired by the ***Principal Secretary*** to the Government. In the very beginning of Liberation War huge number of Ansars actively participated with 40,000 rifles. It was the members of this Bahini who presented the phenomenal guard of honour to the first ever Government of the People's Republic of Bangladesh, during the historical emergence of the Republic on April 17, 1971. A total of ***9 officers and 661 Ansar members sacrificed their lives for our independence. Among them one was awarded*** the gallantry award ***"Bir Bikram" and the other two as "Bir Protik".*** After Liberation the Force was brought fully under the control of Ministry of Home Affairs. In 1980, Ansar was declared as a separate cadre namely "Bangladesh Civil Service (Enforcement-Ansar)". In the year 1998 Ansar-VDP was awarded ***National Standard*** by the Government of the People's Republic of Bangladesh.
The main responsibilities of ***Ansar Bahini*** as contained in Ansar Bahini Act 1995 (Act No. 3 of 1995) are:

- To assist the government or any organization under the government in matters/works related to ***public security.***
- To participate in any other work related to ***public security.***
- To participate in any work related to public welfare for socio-economic development of the country.
- To assist Bangladesh Army, Navy, Air Force, BDR, Police and Battalion Ansars as and when directed by the government.

b. ***Battalion Ansar*** was raised in 1976 to augment the strength of the security forces. Ansar Battalions were raised in line with that of Armed Police Battalions. At present, there are 36 Male and 2 Female Ansar Battalion deployed all over the country. Bulks of the troops of Battalion Ansar are deployed in Chittagong Hill Tracts (CHTs) for Counter Insurgency Operation (CIO).
The main responsibilities of Battalion Ansar as contained in Battalion Ansar Act 1995 (Act No. 4 of 1995) are:

- To assist the government or any organization under the government in matters/works related to public security.
- To participate in any work related to public welfare for socio-economic development of the country.
- To participate in disaster management.
- To participate in any other work as directed by the government.
- To assist Bangladesh Army, Navy, Air Force, BDR and Police as and when directed by the government.

c. ***Village Defence Party (VDP)*** was raised on 5th January 1976 to improve the law and order situation in the interior areas and to uplift socio-economic condition of the rural masses completely on voluntary basis. VDP consists of one platoon of Male members and one platoon of Female members ***in each village.*** Moreover, there is a Male Union Leader and a Female Union Leader in each Union. There are about 5.6 million VDP members in total of which 50% are female. The urban version of VDP is called the Town Defence Party (TDP). TDP consists of one platoon of Male and one platoon of Female members in each 'Ward' of every Pouroshava/Metropolitan City. The VDP and TDP members are employed in socio-economic development activities like poverty alleviation, literacy movement, hygiene and sanitation, environment protection, family planning, Income Generating Activities (IGA) for self-employment and in various awareness programmes. They are also employed in election duties, guarding of village markets and important installations of the rural areas.
The main responsibilities of VDP as contained in VDP Act 1995 (Act No. 5 of 1995) are:

- To participate in work related to public welfare for socio-economic development of the country.
- To assist in matters/works related to maintenance of law and order situation and public security.
- To perform any other duty, from time to time, as directed by the government.

ACTIVITIES : Members of Ansar and VDP are presently engaged in different types of activities. Those are:

- Training activities including sports and culture;
- Law and order activities;
- Military & C I operations;
- Development activities; and
- Special operations.

Training Activities: Officers and members of Ansar & VDP undergo various types of training in different training institutions both at home and abroad. There are a number of training institutions in Ansar & VDP. Those are, Ansar & VDP Academy at Shafipur, Vocational Training Centres (VTC) at Kolakopa & Gazipur and all Range, District, Upazilla/Thana and Village Training Centres. At regular intervals we conduct sewing/stitching training at Kolakopa and Gazipur for 60 days. At the end of the training a good number of trainees are provided free sewing machines. The village based basic traning for members is a unique programme, where training is brought to the members at the doorstep. Trainers (resource persons from all nation building departments) move to trainees in their villages. Ansar-VDP is the most effective organization for talent hunting in the areas of sports and culture. Ansar-VDP was awarded Independence Award in the year 2004 for outstanding performance in the areas of sports and culture.
Law and Order activities: Ansar-VDP is the largest Government organization working for an environment which is conducive to socio-economic development and a better quality of life for the people, especially, for rural poor people. The VDP/TDP members of the interior areas of the country are used to voluntarily guard local Hats, Bazars, important Areas & their own Localities. Besides, they also extend help to the Police in apprehending the miscreants & wanted criminals of their own areas.
Battalion Ansars are deployed with police to maintain law and order and also to join special combing & anti-terrorist operations. In the DMP, CMP, Rajshahi, Natore, Nawgaon, Noakhali, Laxmipur, Bhola & the southern belt of the country 2744 Battalion Ansars are presently deployed. In CI-operation 6,639 and in Rohingya refugee camp 148 Battalion Ansars are deployed. It is to be mentioned that 430 Battalion Ansars are deployed with RAB on deputation.
The main focus of the Ansar Bahini (Embodied Ansars) is to guard important industries, EPZ, Air Ports, Power Stations, Railway lines, Bridges, Buses, Launches and other key point installations. At present more than 35,000 embodied Ansars are deployed in different organizations. The embodied Ansars are selected from among the trained volunteer Ansars. As per requisition from any requiring body for its own security the District Commandant embodies the Ansars.
Military & C I Operations: A new dimension has emerged after peace accord in the CHTs. At present 16 × Ansar Battalions are engaged there in CI operations. Besides 7887 VDP members and 600 Hill Ansars are also deployed in the CHTs. For participation of Ansar & VDP members in Conventional and Unconventional war as per doctrine there are a company of 115 members of Ansar in every Upazila in the country. These people are being trained by the Army since 2006 and the training process is going on.
Development activities: In order to promote poverty alleviation and economic development of the country, Ansar-VDP members have so far participated in various socio-economic programs, projects and activities like Depot Holder Project, Immunization Program, Rural Sanitation Program, Mass Education & TLM, Plantation, Advocacy on Reproductive Health & Gender Issues, Unnata Chulli Project, Disaster Management Program, etc. ***Ansar-VDP achieved a great success in leadership development and empowerment of women.*** In the UP election of 1997, a total number of 846 women members of Ansar-VDP were elected as public representative in the local government. In the UP election of 2003 the number of elected members increased up to 943. Ansar-VDP also has about 8000 community based Clubs/Samitees organized by members to increase social interactions and also to augment local level development activities.
Special Operations: Ansar and VDP members play a vital role in maintaining peaceful environment to conduct national elections. In all local Govt. and parliamentary elections held in Bangladesh, Ansar and VDP members successfully performed their assigned tasks. Starting from 1996, 6× Women members of Ansar–VDP are embodied in each polling centre to maintain law & order as well as manage the queue of women voters. Members of Ansar and VDP successfully took part in disaster management operations after the devastating flood of 1970, 1987, 1988 & 1998, the cyclone of 1991 and the recent cyclone CIDR also. Battalion Ansars also take part in special operations like, combing operation, arms recovery operation, joint forces operations, etc.

ANSAR-VDP UNNAYAN BANK : It was a long expected requirement to establish a financial institution for the development of Ansar – VDP members. As a result, Government has taken initiative so that they become able to participate in the income generating activities (IGA) through micro credit and to mitigate the poverty. With that end in view, Ansar – VDP Unnayan Bank (AVUB) has been established by the 21st Act of 1995 i.e. The Ansar – VDP Unnayan Bank, 1995. It is a specialized bank which is established only for the development of Ansar-VDP members. So far total 150 branches of the bank have been increased upto 31st March 2009. Authorized Capital of AVUB is Tk.100 crore and the paid up capital is Tk. 38.10 crore.

"NIRAPAD JANAPAD" : The very mandate, the organization, the training facilities and the less-coercive enforcement pattern of Ansar-VDP has enabled the organization to turn Bangladesh into a "Nirapad Janapad" for both her people and all possible investment initiatives, be it from home or from abroad. Any kind of Policing, for it's success, should first be trusted by the people. Any kind of policing should also unconditionally be respectful to human rights. As a community-based, non-colonial, less coercive, and motivated organization Ansar-VDP aims at building Bangladesh as a "Nirapad Janapad" to ensure sustainable development and a better quality of life for the people.
At the grassroots level Ansar-VDP organises training for at least 2,50,000 members who are motivated as law abiding citizens and performs as change agents of the society. Through this training programme Ansar-VDP is intervening at the root of the problem. No cosmetic project can help improve the real law and order situation if we fail to touch the on ground vulnerabilities. The young population must be addressed and brought to the mainstream in order to save them from getting involved in any sort of criminal activities. We also need to motivate them at their home on ground and not through electronic media alone. The process of economic development has brought a lot of modern amenities for us which are accompanied by a lot of curses also. We have to have some direction for the youth both of urban and rural areas to bring them closer to the emerging economic activities through motivation and training. Ansar-VDP is taking up this intervention successfully.
To intervene successfully in the above areas the following specific set of criteria for selection of trainees (32 male+32 female = 64) at village level may be helpful:

- Newly Married Couple (RH & FP) : 07 × 02 = 14
- Eligible Couple Having Children 3+ (RH & FP) : 05 × 02 = 10
- Educated-Young-Energetic (EYE Group) : 10 + 10 = 20
- Madrassa Student : 05 + 05 = 10
- Control Group (Vulnerable) : 05 + 05 = 10

The "EYE" group may be the core team to organize all kind of activities at the village level.

ACTIVITY CHAIN : The chain of activities followed by Ansar-VDP is as under:



SUSTAINABILITY : Organized and planned intervention in the areas of basic and vocational training for the youths especially women, reproductive health and reproductive rights, IGA facilities, equal participation of both men and women, organizational belongingness, reintegration of the vulnerable youths in the mainstream of citizen life should be ensured to develop a sustainable public security mechanism. We learned from our experience that Ansar-VDP can play a vital role in this regard. We have also leaned that ***partnership and coordination*** is the key to success. NGOs can also play a vital role in mobilizing people and in the reintegration process of both the victims and the vulnerable youths.

CONCLUSION : Ansar-VDP prevents crime. Crime that takes place is visible. Crimes prevented are never counted. Our achievements in various fields of national rejuvenation in last 3 decades need not be over emphasized. Our effort would continue to improve public security and human rights situation for the attainment of better tomorrow for our posterity. We will always strive for 'public security through people's participation'. We know, ***"Nirapad Janapad is the pathway to Sonar Bangla – the dream of the Father of the Nation".***

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩১তম জাতীয় সমাবেশ উপলক্ষে আমি এ বাহিনীর সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহ্বানে সাড়া দিয়ে এ বাহিনীর সদস্যগণ মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করেছিলেন। আমি শহীদ আনসার মুক্তিযোদ্ধাদের প্রতি গভীর শ্রদ্ধা জানাই।

মানবসম্পদ উন্নয়ন, শিক্ষা বিস্তার, পরিকল্পিত পরিবার গঠন, নারী ও শিশু পাচার রোধ, পরিবেশ রক্ষা ইত্যাদি কার্যক্রমে আনসার বাহিনীর সম্পৃক্ততা দিন দিন বাড়ছে। এসব দায়িত্ব যথাযথভাবে পালন করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গঠনে এ বাহিনীর সদস্যরা কার্যকর ভূমিকা রাখবেন বলে আমি আশা করি।

আমি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩১তম জাতীয় সমাবেশের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

প্রতিমন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ৩১তম জাতীয় সমাবেশ উপলক্ষে এ বাহিনীর সকল পর্যায়ের সদস্য-সদস্যাদের জানাই আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা।

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বার্ষিক সমাবেশের এ কর্মসূচি জাতির দিন বদলের কর্মযজ্ঞে কল্যাণকর এক পদক্ষেপ। নতুন শপথের মধ্য দিয়ে এ বাহিনীর সকল সদস্য নবচেতনায় উদ্দীপ্ত হবে এবং নতুন বছরের কর্মকান্ডের পরিকল্পনায় কর্মপ্রতিজ্ঞ হবে বলে আশা করি।

একটি সুশৃঙ্খল বাহিনী হিসেবে ব্যাটালিয়ন আনসাররা সাহসিকতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে আসছে। প্রায় ত্রিশ হাজার অংগীভূত আনসার দেশের শিল্প কারখানা ও গুরুত্বপূর্ণ স্থাপনায় নিরাপত্তা রক্ষার দায়িত্বে প্রশংসনীয় ভূমিকা রাখছে। তাদের প্রচেষ্টায় সর্বত্র বিনোয়োগ-বান্ধব পরিবেশ সৃষ্টি হয়েছে। গ্রামীন সমাজে সচেতন জনগোষ্ঠী হিসেবে তারা গ্রামীণ জনগণের মধ্যে উন্নয়ন চেতনা জাগ্রত এবং শিক্ষা ও সামাজিক উন্নয়নের পথ প্রদর্শনে নেতৃত্ব দিচ্ছে। এ কর্মী বাহিনী এখন দেশের উন্নয়নে ও গ্রামীন সমাজে সমাদৃত এক জনগোষ্ঠী।

আমার বিশ্বাস, দেশের আইন-শৃঙ্খলা রক্ষা, জনজীবনের নিরাপত্তা ও উৎপাদন-বান্ধব পরিবেশ সৃষ্টি এবং গ্রামীণ সমাজের উন্নয়ন ও শান্তিপূর্ণ পরিবেশ রক্ষায় সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঘোষিত 'রূপকল্প-২০২১'-এর কর্মসূচি বাস্তবায়নে এ বাহিনী উল্লেখযোগ্য অবদান রাখবে। জাতীয় সমাবেশের এ মুহূর্তে আমি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সার্বিক সাফল্য ও অগ্রগতি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

এ্যাডভোকেট শামসুল হক টুকু

মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

০৩ ফাল্গুন ১৪১৭
১৫ ফেব্রুয়ারি ২০১১

বাণী

আনসার-ভিডিপি'র ৩১তম জাতীয় সমাবেশ ২০১১ উপলক্ষে আমি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল পর্যায়ের সদস্য-সদস্যাদের জানাই আন্তরিক শুভেচ্ছা। আজ আমি সশ্রদ্ধচিত্তে স্মরণ করছি সে সব বীর শহীদদের যারা মহান মুক্তিযুদ্ধসহ বিভিন্ন সময়ে শাহাদাত বরণ করে এই বাহিনীকে গৌরবান্বিত করেছেন। আমি তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। আমি আরো স্মরণ করছি, এই বাহিনীর সকল পূর্বসূরীদের-যাদের কর্মতৎপরতায় এই বাহিনী আপন মহিমায় সমুজ্জ্বল।

১৯৪৬ সালে ব্রিটিশ সরকার গঠিত 'হোমগার্ড' এর প্রতিস্থাপক হিসেবে ১৯৪৮ সালে তৎকালীন পাকিস্তান সরকার 'আনসার বাহিনী' নামে এই বাহিনী গঠন করে। দেশ বিভাগের পর সাম্প্রদায়িক দাঙ্গারোধ ও শরণার্থী শিবির সমূহে আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশের সাথে দায়িত্ব পালনের জন্য আনসার সদস্যদের দায়িত্ব দেয়া হয়। প্রাথমিক অবস্থায় দেশব্যাপী প্রশিক্ষণের মাধ্যমে স্বেচ্ছাসেবী আনসার বাহিনীর ভিত্তি রচিত হয়েছিল। স্বাধীনতা অর্জনের পূর্বে এ বাহিনীর সকল সদস্য বাঙালী জাতীয়তাবাদ, অসাম্প্রদায়িক রাষ্ট্র, গণতন্ত্র ও শোষণ মুক্ত সমাজ প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা সর্ব মহলে প্রশংসিত।

১৯৫২ সালে মাতৃভাষা আন্দোলনে আনসার বাহিনী স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। আনসার কমান্ডার আব্দুল জব্বার ২১ ফেব্রুয়ারিতে ঢাকার রাজপথে পুলিশের গুলিতে শাহাদাত বরণ করেন। পরবর্তীতে স্বাধিকার আন্দোলনের বিভিন্ন পর্যায়ে আনসার সদস্যগণ গুরুত্বপূর্ণ অবদান রাখে। ১৯৭১ সালের ৭ই মার্চ জাতির জনক বঙ্গবন্ধু ঐতিহাসিক ভাষণের মাধ্যমে স্বাধীনতার যে ডাক দিয়েছিলেন, সেই ডাকে সাড়া দিয়ে আনসার বাহিনীর প্রায় সকল কর্মকর্তা ও সদস্যরা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন। স্বাধীনতা সংগ্রামের প্রারম্ভেই এই বাহিনীর ৪০,০০০ রাইফেল সংশ্লিষ্ট জেলার মুক্তিযোদ্ধাদের মধ্যে বিতরণ করা হয়েছিল। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মেহেরপুরের মুজিবনগরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলামকে সর্বপ্রথম গার্ড অব অনার প্রদান করেন মুক্তিযুদ্ধরত ১২ জন অকুতোভয় আনসার কমান্ডার ও সদস্য। মুক্তিযুদ্ধের ইতিহাসে এটা এক গুরুত্বপূর্ণ মাইলফলক। মহান মুক্তিযুদ্ধে এ বাহিনীর সর্বমোট ৬৭০ জন আনসার কর্মকর্তা ও কর্মচারী শাহাদাত বরণ করেন। উল্লেখ্য আনসার বাহিনীই একমাত্র জাতীয় শৃঙ্খলা বাহিনী যার শতভাগ সদস্য জাতির সকল আন্দোলন ও সংগ্রামে জনগণকে সাথে নিয়ে রাজপথে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেছে। বর্তমান আইনের কাঠামোতে বাংলাদেশ আনসার ও ভিডিপি এদেশের অন্যতম শৃঙ্খলা বাহিনী হিসেবে দায়িত্ব পালন করে যাচ্ছে।

বর্তমান সরকারের নির্দেশনায় এ বাহিনীকে আরো কার্যকর ও শক্তিশালী বাহিনী হিসেবে গড়ে তোলার পরিকল্পনা গৃহীত হয়েছে। রূপকল্প ২০২১ এর অংশ হিসেবে বাংলাদেশ আনসার ভিডিপি অতি নিষ্ঠার সাথে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য কাজ করে যাচ্ছে। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এই বাহিনীর কর্মতৎপরতা সকল পরিসরে বিস্তৃত ও সমন্বিত।

১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে 'জয়বাংলা' ধ্বনিই ছিল আনসারদের সংগ্রামী অগ্রযাত্রার মূলমন্ত্র। এই ধ্বনিকে সর্বদাই হৃদয়ে ধারণ করে বাংলাদেশ আনসার-ভিডিপির ষাট লাখ সদস্য উগ্র ধর্মীয় জঙ্গীবাদ, স্বাধীনতা বিরোধী, ভাংচুর ও অগ্নিসংযোগের মাধ্যমে নৈরাজ্যসৃষ্টিকারী এবং জাতীয় উন্নয়ন বাধাগ্রস্থকারীদের বিরুদ্ধে জনগণকে সাথে নিয়ে প্রতিরোধ গড়ে তুলতে বদ্ধপরিকর।

জাতীয় সমাবেশ ২০১১ উপলক্ষে বাহিনীর ষাট লাখ সদস্যের প্রতি আমার আহ্বান, দেশের অগ্রগতি ও সমৃদ্ধি এবং বাহিনীর ঐতিহ্য আরও সমুজ্জ্বল করার প্রত্যয়ে সকলে আরো নিষ্ঠা, সাহসিকতা ও আন্তরিকতা নিয়ে নিজ নিজ দায়িত্ব পালন করে যাবেন। আমি দেখতে চাই মহান স্বাধীনতার লক্ষ্য অর্জন ও জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়তে আনসার-ভিডিপি সদা সর্বদা দৃঢ়সংকল্পবদ্ধ থাকুক।

পরম করুণাময় আমাদের সহায় হোন। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, বাংলাদেশ চিরজীবী হোক।

মেজর জেনারেল চৌধুরী হাসান সারওয়ার্দী, বীরবিক্রম, এনডিসি, পিএসসি।